



ওকে ওয়ালেটঃ

ওকে ওয়ালেট ওয়ান ব্যাংক লিমিটেড এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্ল্যাটফর্ম, যা গ্রাহকদের



বিভিন্ন আকর্ষণীয় বৈশিষ্ট্য প্রদানের লক্ষ্যে ২০১৮ সালে র নভেম্বরে ওয়ান ব্যাংক লিমিটেডের মোবাইল ফিন্যান্সিয়াল ডিভিশন হিসেবে যাত্রা শুরু করে। ওকে ওয়ালেট প্রতিষ্ঠার প্রধান উদ্দেশ্য ছিলো

মূলত গতানুগতিক ব্যাংকিং সেবা হতে বঞ্চিত সাধারণ মানুষের দুয়ারে মোবাইল ফোনের মাধ্যমে বিভিন্ন ধরনের সেবা পৌঁছে দেয়া। ওকে ওয়ালেট বিশ্বাস করে, বিভিন্ন শ্রেণী ও পেশার মানুষের মাঝে আর্থিক সেবা পৌঁছে দেয়ার মাধ্যমে ওকে ওয়ালেট বাংলাদেশ সরকারের স্মার্ট বাংলাদেশ রূপান্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ওকে ওয়ালেট সেবাসমূহঃ



১. ক্যাশ-ইন এবং ক্যাশ -আউট: ওকে ওয়ালেট গ্রাহকরা অনুমোদিত এজেন্টদের মাধ্যমে তাদের OK Wallet অ্যাকাউন্টে অর্থ জমা করতে পারেন (ক্যাশ-ইন) এবং তাদের অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করতে পারেন (ক্যাশ-আউট)।

২. মানি ট্রান্সফার: OK Wallet এর মাধ্যমে গ্রাহকরা তাদের OK Wallet অ্যাকাউন্ট থেকে অন্যান্য OK Wallet ব্যবহারকারী বা ব্যাংক অ্যাকাউন্টে অর্থ প্রেরণ এবং গ্রহণ করতে পারেন।

৩. ইউটিলিটি বিল পেমেন্ট: গ্রাহকরা OK Wallet ব্যবহার করে বিদ্যুৎ, গ্যাস, পানি এবং ইন্টারনেট বিল পরিশোধ করতে পারেন। এর ফলে গ্রাহকদের এখন আর বিল প্রদানের জন্য সেবা প্রদানকারীর কাছে স্বশরীরে উপস্থিত হবার প্রয়োজন হয় না।

৪. ক্রেডিট কার্ড বিল পেমেন্ট: OK Wallet গ্রাহকরা তাদের OK Wallet অ্যাকাউন্ট থেকে মুহূর্তেই ক্রেডিট কার্ড বিল পরিশোধ করতে পারেন।

৫. মার্চেন্ট পেমেন্ট: OK Wallet ব্যবহারকারীরা OK Wallet ব্যবহার করে বিভিন্ন মার্চেন্ট আউটলেটে পেমেন্ট করতে পারেন।

৬. মোবাইল রিচার্জ: OK Wallet মোবাইল রিচার্জ সেবা প্রদান করে , যাতে গ্রাহকরা তাদের মোবাইল ফোনের সরাসরি রিচার্জ করতে পারেন।

৭. ই-কমার্স পেমেন্ট: OK Wallet ব্যবহারকারীরা ই-কমার্স প্ল্যাটফর্মের মাধ্যমে বিভিন্ন পণ্য এবং পরিষেবা কেনার জন্য অর্থ প্রদান করতে পারেন।

৮। ওকে ইএমএসঃ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে সহজে এবং অপ্টিমাইজড উপায়ে প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করতে সাহায্য করার লক্ষ্যে ওকে এডুকেশন ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। এই বহুমুখী সফটওয়্যারটি নতুন ছাত্র ভর্তি থেকে শুরু করে ফলাফল তৈরি করা, প্রশাসনিক কার্যক্রম মনিটরিং এবং আরও নানাবিধ প্রাতিষ্ঠানিক কার্যক্রম পরিচালনা করতে সহায়তা করে। এই সিস্টেমটি শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষকদের বিভিন্ন তথ্য, শিক্ষার্থীদের উপস্থিতি, অর্থপ্রদানের মডেলের পাশাপাশি প্রাতিষ্ঠানিক ব্যয় এবং আয় পরিচালনা করতে আপডেট এবং রেকর্ড রাখতে সহায়তা করবে।

৯। ওকে পে রোলঃ ওকে ওয়ালেটের মাধ্যমে বেতন/অন্য যেকোন বিতরণের সুবিধাগুলি উপভোগ করতে, ওয়ান ব্যাংক লিমিটেড ওকে পে রোল সিস্টেম চালু করেছে যা কোনও প্রতিষ্ঠানের বেতন, বোনাস, টিএ/ডিএ এবং অন্যান্য ভাতাগুলি স্বয়ংক্রিয়ভাবে বিতরণ করতে সক্ষম।